আলমডাঙ্গায় দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

আলমডাঙ্গায় উপজেলা বিএনপির উদ্দ্যোগে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার ১৬ আগস্ট আনন্দধাম রোডের পুরাতন জামে মসজিদে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরিফ।

প্রধান বক্তা ছিলেন পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু। বিশেষ অতিথি ছিলেন উপজেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আমিনুল হক রোকন, পৌর বিএনপির সাধারন সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, উপজেলা বিএনপির সহসাধারন সম্পাদক মকবুল হোসেন, পৌর বিএনপির সহসাধারন সম্পাদক মহাবুল হক মাস্টার, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক রাশিদুল ইসলাম।

উপজেলা যুবদলের সদস্য সচিব রফিকুল ইসলামের উপস্থাপনায় ইউনিয়ন বিএনপির সভাপতি সম্পাদকের মধ্যে উপস্থিত ছিলেন আব্দার আলী, আমজাদ হোসেন, আলম শাহ, রফিকুল ইসলাম, টিপু সুলতান, মোবাশেরুজ্জামান খান প্রবাশ, আসাদুজ্জামান বকুল, শাহিদুদ্দোজা মিল্টন,বোরহান উদ্দিন, আব্দুর রশিদ, আতাউল হুদা, শফিকুল ইসলাম, আলাউদ্দিন খান, আবু বকর সিদ্দীক, পলাশ আহমেদ, শাহিনুর রহমান, আব্দুল রাজ্জাক রাজা, আলমঙ্গীর হোসেন লালন, পৌর ওয়ার্ড বিএনপির সভাপতি সম্পাদকের মধ্যে হাফিজুর রহমান চমক, আব্দুর জব্বার, সাহেল মাসুদ, আমিরুল ইসলাম পান্নু, আবু জাফর, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক চৌধুরী জাহাঙ্গীর আলম বাবু, পৌর যুবদলের যুগ্ম আহবায়ক আবএদর, সাইফুল ইসলাম, হাফিজুর রহমান, মিনারুল ইসলাম, রাজু আহম্মেদ, যুবদল নেতা মিলন হোসেন, উপজেলা ছাত্রদল নেতা মাসুদ রানা, রকিবুল ইসলাম টগর,বকুল, মাবুদ, কলেজছাত্রদলের সদস্য সচিব লিমন, যুগ্ম আহবায়ক রাজ প্রমুখ।